গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯।
www.btv.gov.bd

নং-বিটিভি/প্রশাসন-১০/নিয়োগ(অংশ-৪)/

তারিখ: জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ
জুন ২০২০ খ্রিস্টাব্দ

## নিয়োগ আদেশ

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ১২.০৬.২০১৯ তারিখের নং-৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২৩০৭.১৮-১৫৮ সংখ্যক পত্রের সুপারিশ এবং তথ্য মন্ত্রণালয়ের ২৪.০৩.২০২০ তারিখের নং-১৫.০০.০০০০.০২৩.০১১.০৬.১৬(অংশ-১)-১৪৮ সংখ্যক পত্রের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত ০২ জন প্রার্থীকে বাংলাদেশ টেলিভিশনে উপ-সহকারী প্রকৌশলী/শীতাতপ যন্ত্রবিদ (১০ম গ্রেড) জাতীয় বেতনস্কেল-২০১৫ এর ৮. ১৬০০০-৩৮৬৪০/- স্কেলভুক্ত বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য ভাতা ও সুবিধাদিসহ নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো:

| ক্র: নং | নাম, রেজিঃ নং এবং পিতা-মাতার নাম | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা | পদের নামও বেতন স্কেল |
|---|---|---|---|---|
| ০১. | জনাব সৈয়দ আখলাক আহমেদ<br>রেজি: নং-৫০০০১১<br>পিতা: সৈয়দ সামসুদ্দিন<br>মাতা: মোছা: মনোয়ারা বেগম চৌধুরী | হোল্ডিং নং-৭৩৩০০১, ৯নং ওয়ার্ড<br>গ্রাম: শায়েস্তানগর আ/এ<br>পো: হবিগঞ্জ প্রধান ডাকঘর<br>থানা/উপজেলা: হবিগঞ্জ সদর<br>জেলা: হবিগঞ্জ | বরগুনা পলিটেকনিক<br>গ্রাম: পোটকাখালি<br>পো: পোটকাখালি<br>থানা/উপজেলা: বরগুনা সদর<br>জেলা: বরগুনা | উপ-সহকারী প্রকৌশলী/শীতাতপ যন্ত্রবিদ<br>৮. ১৬০০০-৩৮৬৪০/-<br>(জা: বে: স্কেল-২০১৫) |
| ০২. | জনাব মো: রিপন শিকদার<br>(মুক্তিযোদ্ধার পুত্র)<br>রেজি: নং-০০০১৩৮<br>পিতা: হারুন শিকদার<br>মাতা: মোসা: ফাতেমা বেগম | শিকদার বাড়ী<br>গ্রাম: চুমুরদী<br>পো: চুমুরদী (৭৮৩০)<br>থানা/উপজেলা: ভাঙ্গা<br>জেলা: ফরিদপুর | শিকদার বাড়ী<br>গ্রাম: চুমুরদী<br>পো: চুমুরদী (৭৮৩০)<br>থানা/উপজেলা: ভাঙ্গা<br>জেলা: ফরিদপুর | উপ-সহকারী প্রকৌশলী/ শীতাতপ যন্ত্রবিদ<br>৮. ১৬০০০-৩৮৬৪০/-<br>(জা: বে: স্কেল-২০১৫) |

শর্তাবলি:

ক) বাংলাদেশ টেলিভিশনে যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। সংশ্লিষ্ট কর্মকর্তা যোগদানের তারিখ থেকে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিস হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিসকালে কর্তৃপক্ষ যদি মনে করেন যে তার আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরি হতে অপসারণ ঘটাতে পারবেন;

খ) শিক্ষানবিসকাল সন্তোষজনক বিবেচিত হলে নিয়োগবিধির শর্ত অনুযায়ী তাঁর চাকরি স্থায়ী করা হবে;

গ) চাকরিতে যোগদানের পর তাকে প্রশিক্ষণে মনোনয়ন দেয়া হলে উক্ত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাকে একজন জামানতদারসহ ৩০০ (তিনশত) টাকা মূল্যের ননজুডিশিয়াল ষ্ট্যাম্পে এই মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসীকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বৎসরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন, প্রশিক্ষণ উপলক্ষে ব্যয়িত ভ্রমণ ভাতা ও প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ সরকারকে ফেরৎ দিতে বাধ্য থাকবেন;

ঘ) যদি তাঁর ইস্তফা নিয়োগ কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে উপ-অনুচ্ছেদ (গ) মোতাবেক সরকারের প্রাপ্য অর্থ ফেরৎ না দিয়ে কর্তব্যে অনুপস্থিত থাকেন তা হলে অনুচ্ছেদ (গ) অনুযায়ী তাঁর নিকট প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ (১৯১৩ সালের বেংগল এ্যাক্ট নং-৩)-এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ মোতাবেক তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

ঙ) চাকরিতে তাঁর জ্যেষ্ঠতা সরকারি বিধি মোতাবেক কর্ম কমিশন কর্তৃক সুপারিশকৃত মেধাক্রম অনুযায়ী নির্ধারিত হবে;

চ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন বা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এই নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

ছ) এই পত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সরকারের প্রচলিত বিধি-বিধান এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

জ) চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না ; এবং

ঝ) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণভাতা/দৈনিকভাতা পাবেন না।

০২। উপরে বর্ণিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য হলে আগামী ৩০.০৬.২০২০ তারিখের মধ্যে মহাপরিচালক বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, রামপুরা, ঢাকা-১২১৯-এর নিকট যোগদানপত্র পেশ করতে হবে।

০৩। নির্ধারিত সময়ের মধ্যে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এই নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৪। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

স্বা:/-
এস.এম. হারুন-অর-রশীদ
মহাপরিচালক
ফোন: ৫৫১৩২২২২ (অফিস)
E-mail: dg@btv.gov.bd

নং-বিটিভি/প্রশাসন-১০/নিয়োগ(অংশ-৪)/ ১১৬৪/২(৫)

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ
০৮ জুন ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে অনুলিপি প্রেরণ করা হলো:

০১। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
০৩। পরিচালক (অর্থ), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
০৪। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)
০৫। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, তথ্য মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
০৬। জনাব/বেগম.................................................

০৮/০৬/২০২০
মো: নাছিমুজ্জামান
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫১৩১৯৮৭ (অফিস)

P1-২৮৩
০৯/০৬/২০২০

Nasma APA Inovation

সিস্টেম এনালিস্ট-এর কার্যালয়
ডাইরী নং ৬৬০ তারিখ ০৯/৬/২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯
www.btv.gov.bd

নং-বিটিভি/প্রশাসন-১০/নিয়োগ/(অংশ-৪)/ ১১৩৬

তারিখ : ২৫ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ
০৮ জুন ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: নিয়োগ আদেশ ওয়েবসাইটে প্রকাশ প্রসঙ্গে।

বাংলাদেশ টেলিভিশনে উপসহকারী প্রকৌশলী/শীতাতপ যন্ত্রবিদ পদে ০২ (দুই) জন প্রার্থীকে ০৮.০৬.২০২০ তারিখের ১১৩০ সংখ্যক পত্রে নিয়োগ প্রদান করা হয়। উক্ত নিয়োগ আদেশটি বিটিভির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: .০২.. পাতা।

৮/৬/২০২০
(মো: নাছিমুজ্জামান)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫১৩১৯৪০ (অফিস)

সিস্টেম এনালিস্ট
বাংলাদেশ টেলিভিশন
ঢাকা।

সিস্টেম এনালিস্ট-এর কার্যালয়
প্রোগ্রামার-১ | প্রয়োজনীয় ব্যবস্থা নিন
প্রোগ্রামার-২ | উপস্থাপন করুন
পিএ | কথা বলুন
| ফাইল দিন
সিস্টেম এনালিস্ট